কাঁপিছে দেহলতা থরথর,
চোখের জলে আঁখি ভরভর ॥
দোদুল তমালেরই বনছায়া   তোমারি নীল বাসে নিল কায়া,
বাদল-নিশীথেরই ঝরঝর
তোমারি আঁখি-'পরে ভরভর ॥
যে কথা ছিল তব মনে মনে
চমকে অধরের কোণে কোণে।
নীরব হিয়া তব দিল ভরি   কী মায়া স্বপনে যে, মরি মরি,
আঁধার কাননের মরমর
বাদল-নিশীথের ঝরঝর ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Ekadashi, Raag: Desh
Visit www.geetabitan.com for notation and other detail